

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫৬৯]

৫০/ আম্বিয়া কিরাম (আঃ) (كتاب أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ২০৭৪. নবী (ﷺ) এর চোখ বন্ধ থাকত কিন্তু তার অন্তর থাকত বিনিদ্র। সা'ঈদ ইবন মীনাআ (রহঃ) জাবির (রাঃ) সুত্রে নবী (ﷺ) থেকে উক্ত হাদিসটি বর্ণনা করেছেন

باب كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم تَنَامُ عَيْنُهُ وَلاَ يَنَامُ قَلْبُهُ رَوَاهُ سَعِيدُ بْنُ مِينَاءَ عَنْ جَابِرٍ عَنْ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةً، عَنْ مَالِك، عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ صَلَى الله اللَّهِ عَلَى الله عليه وسلم فِي رَمَضَانَ وَلاَ غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةَ عليه وسلم فِي رَمَضَانَ وَلاَ غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةَ وَكُو يَعْ فَل الله الله عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِّي أَرْبَعً وَلَا تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِي أَرْبَعً فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِّي أَرْبَعً وَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ، ثُمَّ يُصِلِّي أَنْ تُوتِرَ قَالَ " تَنَامُ عَنْ حُسْنِهِنَ وَلاَ يَنَامُ قَلْبِي ".

## বাংলা

৩৩১৬। আবদুল্লাহ ইবনু মাসলামা (রহঃ) ... আবূ সালমা ইবনু আবদুর রাহমান (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি আয়িশা (রাঃ) জিজ্ঞাসা করলেন, রমযান মাসে (রাতে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সালাত (নামায/নামাজ) কিভাবে ছিল? আয়িশা (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম রমযান মাসে ও অন্যান্য সব মাসের রাতে এগারো রাকা'তের বেশী সালাত আদায় করতেন না। প্রথমে চার রাকা'আত সালাত আদায় করতেন। এ চার রাকা'আত আদায়ের সৌন্দর্য ও দৈঘ্যের সম্পর্কে জিজ্ঞাসা করো না (ইহা বর্ণনাতীত)। তারপর আরো চার রাকা'আত সালাত আদায় করতেন। তারপর তিন রাকা'আত (বিতর) আদায় করতেন। তখন আমি বললাম, ইয়া রাসূলাল্লাহা আপনি বিতর সালাত আদায়ের পূর্বে ঘুমিয়ে পড়েন? নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমার চক্ষু ঘুমায় তবে আমার অন্তর ঘুমায় না।

## **English**

Narrated Abu Salama bin `Abdur-Rahman:



That he asked `Aisha "How was the prayer of Allah's Messenger () in the month of Ramadan?" She replied, "He used not to pray more than eleven rak`at whether in Ramadan or in any other month. He used to offer four rak`at, let alone their beauty and length, and then four rak`at, let alone their beauty and length. Afterwards he would offer three rak`at. I said, 'O Allah's Messenger ()! Do you go to bed before offering the witr prayer?' He said, 'My eyes sleep, but my heart does not sleep."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন